



এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি)

SDS (Shariatpur Development Society)

নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ২০২৪-২০২৫.০০০.২৮

তারিখ: ১৬/০২/২০২৫ইং

দারিদ্রতা মুক্ত একটি ন্যায়পরায়ণ সমাজ, সবার জন্য সমতা, বসবাসের উপযুক্ত পরিবেশ গড়ার করণের লক্ষ্যে ১৯৯১ সাল থেকে এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি) জাতীয় পর্যায়ের বেসরকারি উন্নয়ন সংস্থা হিসেবে বাংলাদেশের বিভিন্ন জেলায় উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করেছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে পরিচালিত মাইক্রোফিন্যান্স কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত পদে আগ্রহী এবং যোগ্য প্রার্থীদের নিকট থেকে আবেদন আহবান করা যাচ্ছে।

সংস্থার কর্মএলাকা: শরীয়তপুর, মাদারীপুর, বরিশাল, গোপালগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী, চাঁদপুর, মুন্সীগঞ্জ, ঢাকা, লক্ষ্মীপুর, পটুয়াখালী এবং বরগুনা।

এমআরএ সনদ নং: ০৩০৭৪-০৪৬১৬-০০২২৯

ক্র: নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক বেতনভাতা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	এলাকা ব্যবস্থাপক	০৫	প্রবেশন কাল বেতনভাতা ৪০,৮০০/- টাকা নিয়মিতকরণের পর সর্বসাকুল্যে ৪৭,০৮৮/-টাকা মাসিক বেতনভাতা প্রদান করা হবে। তবে অভিজ্ঞ প্রার্থীদের বেতন ও শিক্ষানবীসকাল আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা যেতে পারে।	সর্বোচ্চ ৪৫ বছর	যে কোন বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর। পল্লী কর্ম- সহায়ক ফাউন্ডেশনের অর্থায়নে পরিচালিত সহযোগী সংস্থায় মাইক্রোফিন্যান্স কার্যক্রমে এলাকা ব্যবস্থাপক পদে ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে (M.S Word, Excel, Internet & MIS) দক্ষ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীকে অবশ্যই মটর সাইকেল চালনা সহ বৈধ লাইসেন্স থাকতে হবে।
০২	শাখা ব্যবস্থাপক	১৫	প্রবেশন কাল বেতনভাতা ৩৩,৮০০/- টাকা নিয়মিতকরণের পর সর্বসাকুল্যে ৩৭,২০০/-টাকা মাসিক বেতন ভাতা প্রদান করা হবে। তবে অভিজ্ঞ প্রার্থীদের বেতন ও শিক্ষানবীসকাল আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা যেতে পারে।	সর্বোচ্চ ৪০ বছর	যে কোন বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর। পল্লী কর্ম- সহায়ক ফাউন্ডেশনের অর্থায়নে পরিচালিত সহযোগী সংস্থায় মাইক্রোফিন্যান্স কার্যক্রমে শাখা ব্যবস্থাপক পদে ন্যূনতম ০৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে (M.S Word, Excel, Internet & MIS) দক্ষ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীকে অবশ্যই মটর সাইকেল চালনা সহ বৈধ লাইসেন্স থাকতে হবে।
০৩	সহকারী হিসাবরক্ষক	১৫	প্রবেশন কাল বেতনভাতা ২৬,০০০/- টাকা নিয়মিতকরণের পর সর্বসাকুল্যে ৩২,০০০/-টাকা মাসিক বেতন ভাতা প্রদান করা হবে। তবে অভিজ্ঞ প্রার্থীদের বেতন ও শিক্ষানবীসকাল আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা যেতে পারে।	সর্বোচ্চ ৩৫ বছর	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে হিসাববিজ্ঞান বিভাগে স্নাতক/ স্নাতকোত্তর। কম্পিউটারে (M.S Word, Excel, Internet & MIS) দক্ষ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীকে অবশ্যই মটর সাইকেল চালনা সহ বৈধ লাইসেন্স থাকতে হবে।

শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীদের সংস্থার নির্বাহী পরিচালক বরাবরে আবেদন করতে হবে। প্রার্থীদের আবেদনপত্রে নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করতে হবে। প্রার্থীকে আবেদনপত্রের খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে ২(দুই) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার মূল সনদের সত্যায়িত অনুলিপি, নাগরিকত্ব সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র সমূহ সংযুক্ত করতে হবে।
- নারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- নারী ও শিশু নির্যাতন, যৌন হয়রানী, যৌন শোষণ এবং নির্যাতনের অভিযোগে অভিযুক্ত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
- সকল ক্ষেত্রে চাকুরী বদলীযোগ্য। চাকুরী প্রার্থীর প্রত্যন্ত গ্রামাঞ্চলে কাজ করার মানসিকতা থাকতে হবে।
- আবেদনপত্র বাছাই সাপেক্ষে যোগ্য প্রার্থীদের মোবাইল ফোনে লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ জানানো হবে।
- নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। পদের সংখ্যা এবং বেতনভাতা বাড়ানো বা কমানোর ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সনদপত্রের মূলকপি সাথে আনতে হবে।
- আবেদন পাঠানোর ঠিকানা: ই-মেইলে: recruitmentsdsbd@gmail.com অথবা বরাবর, নির্বাহী পরিচালক, এসডিএস-প্রধান কার্যালয়, সদর রোড, শরীয়তপুর। প্রয়োজনে যোগাযোগ : ০২৪৭৮৮১৫৪০৫, ০২৪৭৮৮১৫৪০৬ এবং ০১৩২৫-০৬০২০৩।
- আবেদন পাঠানোর শেষ তারিখ: ২৮/০২/২০২৫ইং

অন্যান্য সুযোগ সুবিধা:

- চাকুরী নিয়মিত হলে নিয়মিত বেতন কাঠামো, বার্ষিক ইনক্রিমেন্ট, প্রভিডেন্ট ফান্ড, কর্মী কল্যান তহবিল, গ্রাচুইটি, ২টি উৎসব ভাতা, বাংলা নববর্ষ উদযাপন ভাতা, বীমাসুবিধা ও সংস্থার অন্যান্য সুবিধা প্রদান করা হবে।
- সংস্থার মটরযান নীতিমালা অনুযায়ী যাতায়াত/জ্বালানী ও রক্ষনাবেক্ষন খরচ (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রদান করা হবে।

বি: দ্র:- যে কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

উপ পরিচালক
মানব সম্পদ বিভাগ

Sadar Road, Shariatpur, Post Code-8000, Bangladesh.

Cell: 01325060185, Tel: 02478815406, web: www.sdsbd.org, e-mail: sds.shariatpur@gmail.com

Reg. No. Social Welfare: Shari-77/92, NGO Affairs Bureau: 794/93, Microcredit Regulatory Authority: 0374-04616-00229